

Research and Innovation by the Departmental Students: Soils Health Card with QR Code in State Youth-Science Fair, 2024, Govt. of West Bengal

পশ্চিম মেদিনীপুর ■ বাড়গ্রাম

আনন্দবাজার পত্রিকা

১৯ মাঘ ১৪৩৫ শনিবার ১ ফেব্রুয়ারি ২০২৪

মাটির চরিত্র কিউআর কোডে জানতে পারবেন চাষিরা

নিজস্ব সংবাদদাতা
বাড়গ্রাম

কোন মাটি কী রকম। কোথায় ফলতে পারে কী ফসল, জানা যাবে 'মাটিরমোনে'। কিউআর কোড স্ক্যান করে মাটির চরিত্র জানতে পারবেন বাড়গ্রাম জেলার চাষিরা। জামবনি রকের সেবাভারতী মহাবিদ্যালয়ের ভূগোল বিভাগের পড়ুয়া ও অধ্যাপকদের প্রচেষ্টায়। এমন ভাবনার জন্য সম্প্রতি রাজ্যের যুবকল্যাণ দফতরের বাড়গ্রাম জেলা ছাত্র-যুব বিজ্ঞান মেলায় সেবাভারতী কলেজকে প্রথম পুরস্কারও দেওয়া হয়েছে।

বিভাগী প্রধান অধ্যাপক প্রণব সাহা জানাচ্ছেন, 'এআই অ্যাপ্লিকেশন অন সয়েল হেলথ কার্ড ফর সাস্টেনেবল এগ্রিকালচারাল প্র্যাকটিসেস' কর্মসূচিতে ছাত্র ছাত্রীদের দিয়ে জেলার ৮টি ব্লকের কৃষি জমির মাটির নমুনা সংগ্রহ করা হয়। নমুনা গবেষণায় বিদ্যমান মাটির গুণগত মান ও বৈশিষ্ট্য নির্ণয় করে কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে প্রতি ব্লকের জন্য ৮টি কিউআর কোড তৈরি করা হয়েছে। যেখানে মাটির প্রকার, কণার আকৃতি, পিএইচ, নাইট্রোজেন, ফসফেট, পটাশের মান এবং কোন ফসলের উপযোগী সেই তথ্যভান্ডার করা হয়েছে।

প্রণব আরও জানান, রাস্তার মোড়ে, হাটে, অঞ্চল অফিস, ব্লক অফিস, স্থানীয় স্কুল ও কলেজে যদি এই কিউআর কোড রাখা যায় তাহলে চাষিরা সহজেই তথ্য পাবেন। প্রণব বলেন, "আরও অনুপম ভাবে মাটির নমুনা সংগ্রহ করে একটি সুস্থায়ী আঞ্চলিক কৃষি পরিকল্পনা বাস্তবায়নের জন্য কিউআর-কে প্রতিদিনই সমৃদ্ধ করা হচ্ছে।" ভূগোল বিভাগের তৃতীয় সেমিস্টারের পড়ুয়া রমা শীল, সাহিল মাইতি, প্রথম সেমিস্টারের পড়ুয়া স্বয়মপ্রসাদ মাহাতো, শীপশিখা করণ বলেন, "মোবাইল যেনে গুগল সার্চের মতো ক্যামেরার সাহায্যে কিউআর কোড স্ক্যান করলেই সংশ্লিষ্ট ব্লকের অঞ্চল ভিত্তিক জমির চরিত্র জানা যাবে সহজে।" প্রণব বলেন, "সমাজের প্রতি আমাদের প্রত্যেকের দায়বদ্ধতা রয়েছে। সেই কারণে পড়ুয়াদের দিয়ে এমন একটি জনকল্যাণমুখী বিজ্ঞান

ভাবনার বাস্তবায়ন করা হয়েছে। এজন্যই পড়ুয়াদের সঙ্গেই সময় ও প্রচেষ্টা দিয়েছেন।" ভূগোল বিভাগ এলাকা ভিত্তিক চাষিদের নিয়ে কিউআর কোড ব্যবহারের শেখানো।

১-৯ ফেব্রুয়ারি যুবভারতী ক্রীড়াসনে রাজ্য স্তরের ছাত্র-যুব বিজ্ঞান মেলায় তাক পেয়েছেন সেবাভারতীর ভূগোল বিভাগের পড়ুয়ারা। সেখানেও বিখ্যাত মডেল সহযোগে তুলে ধরা হবে। জেলা পরিষদের শিক্ষা কৃষি কর্মসূচক মোহন মূর্ মু এবং শিক্ষা কর্মসূচক সুমন সাহ একযোগে বলছেন, "ওই কলেজের ভূগোল বিভাগ অতিথি ভাবনার বাস্তবায়ন করে দেখিয়েছে। বিখ্যাত প্রচার হলে চাষিরা উপকৃত হবেন।"

Science Model on "AI" Application on Soil Health Card for Sustainable Agricultural Practices

Presented by
M, SEM - 3, GEO (H) & Swayam Prasad Mahato, SEM - I & programming - Dr. Pranab Sahoo (HOD) Dept. of G

এই সময়

এক নজরে পশ্চিমবঙ্গ দেশ ব্যবসা বাজেট 24

মাটির চরিত্র কেমন? বলবে কিউআর কোড

উপায় বাতলে তাক লাগালেন কলেজপড়ুয়ারা

অঙ্গণকুমার পালা ■ কাড়গ্রাম

কোন মাটির কী গুণগুণ, কোন মাটিতে কী ফসল আলে হবে- মোবাইলে কিউআর কোড স্ক্যান করলেই, জানা যাবে সব। এ সব তথ্য জানতে আর চিন্তায় পড়তে হবে না কৃষকদের। এআই ব্যবহার করে এমনই এক কৃষক-উপযোগী কিউআর কোড বাসিয়েছেন বাড়গ্রামের সেবাভারতী কলেজের ভূগোল বিভাগের পড়ুয়ারা।

কলেজের ভূগোল বিভাগের প্রধান অধ্যাপক প্রণব সাহ বলেন, "প্রথম বাড়গ্রাম কলেজ, আটটি ব্লকের মাটির নমুনা সংগ্রহ করা হয়েছে। পরেবাধারের সেগুলি বিশ্লেষণ করে মাটির গুণগত মান ও বৈশিষ্ট্য নির্ণয় করা হয়েছে। মাটির গুণগত মান, পিএইচ, বায়ালপ, ফসফরাস, পটাশিয়াম, নাইট্রোজেন, মাটির কণার আকৃতি এবং কোন ফসলের জন্য কোন মাটি বেশি ভালো, সে তথ্যভান্ডার গঠন করা হয়েছে। ভারতের এআই-এর মাঝে আটটি ব্লকের জন্য আটটি আলাদা কিউআর কোড তৈরি করা হয়েছে।" এই তথ্য ব্যবহারে কৃষকরা মাটির চরিত্র সম্পর্কে সব তথ্য পেয়ে যাবে। যা কাজে আসবে চাষীদের।

সম্প্রতি কাড়গ্রাম জেলার ছাত্র-যুব বিজ্ঞান মেলায় সেবাভারতী কলেজের ভূগোল বিভাগের তৈরি এই মডেল প্রথম স্থানও দখল করে। কলেজের ভূগোল বিভাগের রমা শীল, সাহিল মাইতি, অমরনাথ মতি, স্বয়মপ্রসাদ মাহাতো, শীপশিখা করণ, মেহা তরাদাস, প্যারেল দত্তপালিতের এই

মডেল তৈরিতে গাইড করেছেন ভূগোল বিভাগের অধ্যাপকরা। রমা, অমরনাথ, মেহা তরাদাস, এই তথ্য ভান্ডার করেই সেগুলি তৈরি করা হয়েছে। তার সম্ভাব্য ভালোতে গিয়ে আমরা এ ধরনের বিস্ময়টি পেয়ে নিয়েছিলাম। কলেজের স্যালের রক্তাধিকারের মাঝে মডেলটি সম্পূর্ণ করতে পেয়েছি।" ভূগোল বিভাগের প্রধান অধ্যাপক প্রণব সাহ বলেন, "জেলার মধ্যে মডেলটি ফস্ট হওয়ায় ১-৯ ফেব্রুয়ারি যুবভারতী ক্রীড়াসনে রাজ্যস্তরের ছাত্র-যুব বিজ্ঞান মেলায় কলেজের পড়ুয়া এবং অধ্যাপকরা মডেলটি প্রদর্শন করছেন। প্রত্যেক এলাকার হয়েও সীমিত পরিকারের মধ্যে নতুন কিছু করার চেষ্টা করি। কৃষিকারে এর প্রয়োগ হলে নতুন দিনের যুগে পাবেন।"



HC95-JJF, JB Block, Sector 3, Bidhannagar, Kolkata, West Bengal 700098, India

Latitude 22.568502° Longitude 88.408027°

LOCAL 12:07:56 GMT 06:37:56 FRIDAY 02.09.2024 ALTITUDE =27 METER